

সুদের ক্ষতি-অপকার-কুপ্রভাব

বিভাগ/অধ্যায়ঃ সমকালীন রিবা সংক্রান্ত কতিপয় মাসআলার ব্যাপারে ফতোয়া

রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-ক্বাহত্বানী

ত্রয়োদশ মাসআলা : সুদী ব্যাংকের লাভ

প্রশ্ন: কিছু কিছু ব্যাংক তাদের কাছে টাকা আমানত রাখলে তার ওপর লাভ দিয়ে থাকে। আমরা জানি না লাভগুলো সুদ না-কি লাভ যা গ্রহণ করা বৈধ?

উত্তর: প্রথমত, ব্যাংকগুলো আমানতকারীদের গচ্ছিত টাকার ওপর যে লাভ দেয় তাকে সুদ হিসেবে গণ্য করা হয়। এ টাকা ভোগ করা বৈধ নয়। তার কর্তব্য সুদী ব্যাংকে টাকা রাখার জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা এবং মূল টাকা লাভসহ প্রত্যাহার করে নেয়া। তারপর মূল এমাউন্ট সংরক্ষণ করবে আর লভ্যাংশটুকু গরিব-মিসকিন এবং জনহিতকর খাতে ব্যয় করা। দ্বিতীয়ত, সুদী কারবার করে না এমন ক্ষেত্র খুঁজে বের করবে। হোক না সেটা দোকান বা অন্য কিছু। সেখানে টাকা রাখবে ব্যবসায় খাটানোর জন্য কিংবা অলাভজনক আমানত হিসেবে।[1]

ফুটনোট

[1]. প্রাগুক্ত : ২/৪০৪

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8214>

হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন